

PRINT

সমকালে

বঙ্গবন্ধু প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

শিক্ষার্থীদের আন্দোলন স্থগিত আনন্দ মিছিল

১০ ঘণ্টা আগে

গোপালগঞ্জ প্রতিনিধি



গোপালগঞ্জে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগের ঘোষণায় আন্দোলন স্থগিত করেছেন শিক্ষার্থীরা। গতকাল মঙ্গলবার সকালে ক্যাম্পাসের জয়বাংলা চতুরে আন্দোলনরত শিক্ষার্থীরা সংবাদ সম্মেলন করে এ ঘোষণা দেন। সোমবার বিকেলে শিক্ষা মন্ত্রণালয়ে উপাচার্য অধ্যাপক খোন্দকার নাসিরউদ্দিন পদত্যাগপত্র জমা দেন। তবে এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারির পর আন্দোলন প্রত্যাহার করা হবে বলে শিক্ষার্থীরা জানান।

সংবাদ সম্মেলনে মূল বক্তৃব্য উপস্থাপন করেন গণিত বিভাগের শিক্ষার্থী মো. আল গালিব। এ সময় উপস্থিত ছিলেন

শিক্ষার্থী কল্যাণ মিত্র, প্রিয়তা দে, রেহনুমা তাবাসসুম গ্রীষ্মী, শরীফ আল রাজু, শিকদার মাহবুবসহ অনেকে।

এদিকে উপাচার্য পদত্যাগ করায় সকাল থেকেই শিক্ষার্থীরা ক্যাম্পাসে এসে নেচে-গেয়ে, একে অন্যের মুখে রং মাখিয়ে আনন্দ প্রকাশ করেন। পরে সকাল সাড়ে ১১টায় তারা ক্যাম্পাসে আনন্দ মিছিল বের করেন। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে জয়বাংলা চতুরে এসে শেষ হয়।

সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন সাধারণ শিক্ষার্থীরা। পাশাপাশি আন্দোলনে সহযোগিতার জন্য গণমাধ্যম, গোপালগঞ্জের গোবরা ইউনিয়নবাসীসহ দেশবাসীকে তারা ধন্যবাদ জানান। সে সঙ্গে শিক্ষার্থীরা দুর্নীতি দমন কমিশনকে (দুদক) বিশ্ববিদ্যালয়ে বিদ্যমান সব দুর্নীতি, অনিয়ম ও অবিচারের নিরপেক্ষ তদন্তের মাধ্যমে দোষীদের বিচারের আওতায় আনার দাবি জানিয়েছেন।

শিক্ষার্থী লোকমান হোসেন বলেন, আমরা আজ ১২ হাজার শিক্ষার্থী আনন্দে উদ্বেলিত। স্বেরাচার ভিসির পতনের মধ্য দিয়ে আমরা মুক্তি পেয়েছি। এখন ক্যাম্পাসে শিক্ষা ও গবেষণার পরিবেশ ফিরে আসবে।

শিক্ষার্থী রেহনুমা তাবাসসুম গ্রীষ্মী বলেন, টানা ১২ দিনের আন্দোলন সফল হয়েছে। আমরা এখন মুক্তমনে পড়াশোনা করতে পারব। মুক্তচিন্তার বহিঃপ্রকাশ ঘটাতে পারব। কথায় কথায় আমাদের বহিক্ষার, নির্যাতন বন্ধ হবে। এখানে একজন সৎ, যোগ্য ও নিষ্ঠাবান ভিসি নিয়োগ দেওয়া হবে বলে আমরা প্রত্যাশা করছি। শিক্ষার্থী প্রিয়তা দে বলেন, জাতির পিতার নামে এ বিশ্ববিদ্যালয়ে আমরা শিক্ষায় মনোযোগ দিয়ে ভালো রেজাল্ট করে জাতির মুখ উজ্জ্বল করতে চাই।

বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক কাজী মসিউর রহমান বলেন, এখন বিশ্ববিদ্যালয় বন্ধ রয়েছে। আশা করি পূজার ছুটির পর শিক্ষার্থীরা পড়াশোনায় মনোযোগ দেবে। শিক্ষাক ও শিক্ষার্থীদের মধ্যে সম্প্রীতির বন্ধন আরও সুদৃঢ় হবে।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি। প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫২৯৯৭ (অনলাইন)। ইমেইল:
ad.samakalonline@outlook.com